CLASS-X

Time-3 hrs F.M=80

সাধারণ নির্দেশাবলী:
এই প্রশ্নপত্রে আছে মোট 16টি প্রশ্ন
প্রশ্নের ক্রমাঙ্ক সঠিকভাবে দেবে
মান অনুযায়ী উত্তর দেবে
সমগ্র প্রশ্নপত্রটি দুটি ভাগে বিভক্ত
Part A=Objective type questions (MCQ)25 marks
PART B=Descriptive type questions: 55 marks
Part A has three sections(MCQ)
Section A:Reading Comprehension:12 marks
Section B:Grammar:3 marks
Section C:main course Book and supplementary reader:10 marks
Part B has three sections
Section B:Grammar;15 marks
Section C:Main course book and supplementary :30 marks
Section D:creative writing:10 marks

PART A:Objective Type Questions(MCQ):25 marks

Section A(Reading :Unseen Comprehension)

1.অনুচ্ছেদগুলি পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর: 3x4=12

A. হিমালয় আমাদের সম্পদ।প্রাকৃতিক ও আত্মিক ,দুই-ই।আমাদের বলতে শুধু ভারতের নয়।হিমালয়ের বিভিন্ন হিমবাহ থেকে উৎসারিত আটটি বড় নদী পাকিস্তান থেকে ভিয়েতনাম পর্যন্ত নানান দেশে আজ কোটি কোটি মানুষের সভ্যতার পুষ্টিসাধন করে চলেছে।হিমালয় না থাকলে গোটা এশিয়া জুড়ে বর্ষার যে রাজকীয় ঐশ্বর্য -যার মন্ত্রবলে পাষাণ গলে ফসল ফলে -তা সম্ভব হতনা।আবার এই সম্পদ আত্মিক কারণ হিমালয়ের সৌন্দর্য ও বিশাল ব্যাপ্তির প্রতি মানুষের মন সাড়া না দিয়ে পারেনি।আমাদের দেশে প্রাচীনকাল থেকে মানষ নানা ধর্মের মানুষ হিমালয়কে তাদের দেবস্থান বা আধ্যাত্মিক সাধনার ক্ষেত্র বলে ভেবেছেন।হর পার্বতী বা শিব দুর্গার কথা মনে পড়ে যায়।হিন্দুদের বহু তীর্থস্থান হিমালয়ে।স্যর ফ্রান্সিস ইয়ংহাসব্যাণ্ডের ১৯২৪ সালের বই The Wonders Of The Himalayas-র শেষ কটি বাক্য "হিমালয় আমাদের কছে এক ক্লান্তিহীন আনন্দ।চিরন্তন এর গরিমা,শুদ্ধতা ও আলো"।এহেন হিমালয় আজ বিপন্ন।মানুষের কুকীর্তি যেন তাকে দুদিক থেকে ঘিরে ফেলেছে।মানুষের সংখ্যাবৃদ্ধি,ফসিল-জ্বালানীর সাহায্যে বিশ্ব-অর্থনীতির ব্যাপক বৃদ্ধি,প্রযুক্তির সীমাহীন উন্নতি ইত্যাদির জটিল সংমিশ্রণের ফলে জলবায়ু পরিবর্তন ঘটছে যার ফলে শুধু হিমালয় নয়,পৃথিবীর অনেক পর্বতমালাতেই পরিবর্তন হতে শুরু

করেছে।চীন,ভারত,পাকিস্তানের রাজনীতির কারণে হিমালয় সামরিক সাজে সজ্জিত।সেখানে অজস্র সৈন্য মোতায়েন করা হয়েছে।ভারী ট্রাক বা সাঁজোয়া গাড়ি চলাফেরা করছে।সেইসঙ্গে একদা যাকে বলতাম "উন্নয়ন",এবং আজকে যাকে বলা হচ্ছে "বিকাশ" ,তার প্রকোপেও পাহাড়ের ত্রাহি-ত্রাহি অবস্হা।জনবসতি বাড়ছে,হোটেল ইত্যাদি খুলে পর্যটকের রমরমা বড়ছে,তীর্থযাত্রীদের জন্য তৈরি হচ্ছে পাকা সড়ক।হিমালয়ের কোন কোন অংশকে জীববৈচিত্রের আধার বলা হয় অর্থাৎ পাথর মাটি জল ঘিরে আশ্রয় পেয়েছে গাছ,জীবজন্তু,পাখি এমনকি পোকামাকড়।সেই জীবেরা বিপন্ন হলে মানুষের সংসারও বিপন্ন হবে।২০১৩ সালের উত্তরাখণ্ডের কেদারনাথে সেই ভয়াবহ বৃষ্টি ও বন্যার কথা ভোলা যায় না যা ঘটেছিল cloudburst বা আকাশভাঙা বৃষ্টির জন্য,যার মূল কারণ অনেকটাই বিশ্বের তাপমাত্রা বৃদ্ধি।

সঠিক উত্তরটি নির্ণয় করে লেখ:

i)হিমালয়ের বিপন্নতার কারণ মূলত

a)প্রযুক্তির উন্নতি

b)পর্যটন শিল্পের বিকাশ

c)মানবজাতির আগ্রাসী মনোভাব

d)উল্লিখিত সব কটি কারণ

ii)মন্তব্য-হিমালয় আমাদের কাছে প্রাকৃতিক সম্পদ

কারণ ক)হিমালয় কৃষিপ্রধান দেশে জলসম্পদের অন্যতম উৎস

কারণ খ)হিন্দুদের বহু তীর্থস্থান হিমালয়ে

a)কারণ ক ও খ দুই সত্য

b)কারণ ক সত্য,খ ভুল

c)কারণ ক ভুল,খ ঠিক

d)কারণ ক ও খ দুই মিথ্যা

iii)২০১৩ সালের ভয়াবহ বৃষ্টি ও বন্যার মূল কারণ

a)দেবতার ক্রোধ

b)হিমবাহগুলি গলে যাওয়া

c)উষ্ণায়ন ও তার ফলে হওয়া অতিবৃষ্টি

d)ভূমিকম্প

iv)সন্ধি বিচ্ছেদ কর-বৃষ্টি

a)বৃশ্+তি

b)বৃষ্+ক্তি

c)বৃষ্+তি

d)বৃষ্+টি

B. শ্রীরামকৃষ্ণদেব বলতেন মাছের মধ্যে নরেন্দ্র রাঙাচক্ষু রুই,আর সব নানারকম মাছ-পোনা,কাঠিবাটা,এইসব।আজকে আমরা সাধারণের সঙ্গে স্বামীজির এই প্রভেদের রহস্য কিছুটা বুঝতে পারি।স্বামীজি স্বয়ং একথা স্বীকার করে বলেছিলেন,যদি তাঁর চিন্তায়,কথা বা কাজে একজন মানুষেরও যদি উপকার হয়ে থাকে তাহলে তাতে তাঁর কোন দাবী নেই।সেই গৌরব সম্পূর্ণ শ্রীরামকৃষ্ণের।নিখাদ,পবিত্র যা কিছু আমাদের মনকে ,উদ্বুদ্ধ করে,,সবল করে সেই সবই তাঁর অনুপ্রেরণায়,তাঁর বাণীতে,তাঁর জীবনকথায়।মহাসমাধির পূর্বে একদিন শ্রীরামকৃষ্ণ নরেন্দ্রকে তাঁর রোগশয্যার পাশে বসিয়ে বহুক্ষণ অপলক তাঁর দিকে তাকিয়ে ছিলেন।এভাবে তাকিয়ে থাকতে থাকতে নিমগ্ন হয়েছিলেন ধ্যানে।তখনই নরেন্দ্র অনুভব করেন কি একটা অজ্ঞাত শক্তি তাঁর দেহমধ্যে প্রবেশ করছে।তিনি বাহ্যজ্ঞান হারিয়ে ফেলেছিলেন।যখন ধ্যানভঙ্গ হল অশ্রুরুদ্ধ কণ্ঠে শ্রীরামকৃষ্ণ বললেন “আজ যথাসর্বস্ব তোকে দিয়ে ফকির হলুম।তুই এই শক্তিতে জগতের অনেক কাজ করবি।“আমেরিকায় আয়োজিত বিশ্বধর্মমহাসম্মেলনের প্রথম অধিবেশনে আহূত হয়ে বিবেকানন্দ ইতস্তত করছিলেন,যেন তাঁর স্নায়ু বিকল হয়ে গিয়েছে।দেখছিলেন,আর সব বক্তা লিখিত ভাষণ নিয়ে এসেছে,কেবল তিনিই পূর্বপ্রস্তুতিশূন্য।কিন্তু সকলের শেষে যখন হিন্দুধর্মের প্রতিনিধি হয়ে ভাষণ দিলেন,তখন তার আন্তরিকতায় কি মহাশক্তি বিচ্ছুরিত হয়েছিল।সেদিন যে বিপুল অভ্যর্থনা আর সম্মান পেয়েছিলেন,তা দিয়ে ভূষিত করতে চেয়েছিলেন শ্রীরামকৃষ্ণকে।ধর্মমহাসভায় স্বামীজি বলেন ,যদি কোনো ধর্মকে বিশ্বজনীন হতে হয় তবে জগতে প্রত্যেক নরনারীর অন্তরের সুপ্ত দিব্যচেতনাকে অবশ্যই স্বীকার করে নিতে হবে। হিন্দুধর্ম সেই ভাব শাশ্বত সত্যরূপে গ্রহণ করেছে।শ্রীরামকৃষ্ণ একবার বলেছিলেন “জীবে দয়া নয়,শিবজ্ঞানে জীব সেবা...তিনিই মানুষ হয়ে লীলা করছেন”।বহু ভক্তের মধ্যে নরেন্দ্রনাথ একমাত্র এই কথার তাৎপর্য অনুধাবন করেন।বলেছিলেন,“ভগবান যদি দিন দেন,এই অদ্ভুত সত্য সংসারের সর্বত্র প্রচার করিব”তাই রামকৃষ্ণ সংঘের মূল লক্ষ্য“আত্মানং মোক্ষার্থক জগদ্ধিতায় চ” যার ব্যবহারিক প্রয়োগ “শিবজ্ঞানে জীবসেবা”।

i)শ্রীরামকৃষ্ণ তাঁর অন্তরের সকল শক্তি নরেন্দ্রনাথকে দিয়ে যান কারণ

a)নরেন্দ্রনাথ সবার মধ্যে বুদ্ধিমান ছিলেন

b)নরেন্দ্রনাথ ভালো বক্তৃতা দিতে পারতেন

c)নরেন্দ্রনাথ সকলের থেকে ছিলেন আলাদা।

d)রামকৃষ্ণদেবের মনের খেয়াল মাত্র

ii)মন্তব্য-বিবেকানন্দের শিকাগো ভাষণ জনপ্রিয় হয়

মন্তব্য ক)তার মধ্যে নিহিত ছিল আন্তরিকতা

মন্তব্য খ)হিন্দুধর্মের কথা এই প্রথম কেউ তুলে ধরল বিশ্বদরবারে

a)কারণ ক ও খ দুই সত্য

b)কারণ ক সত্য,খ ভুল

c)কারণ ক ভুল,খ ঠিক

d)কারণ ক ও খ দুই মিথ্যা

iii)বিশ্বধর্মমহাসম্মেলনে বক্তৃতার সময় বিবেকানন্দ ইতস্তত করেছিলেন কারণ

a)বক্তৃতার বিষয়বস্তু বুঝতে পারছিলেন না

b)সেখানে অনেক পণ্ডিত ব্যক্তি উপস্হিত ছিলেন

c)সেখানে প্রায় সবাই ছিল খ্রীস্টধর্মাবলম্বী।

d)পূর্বপ্রস্তুতি ছিল না

iv)পদান্তর কর:আহূত

a)অভিহিত

b)আহত

c)আহ্বান

d)আহুত

C. **মানবসভ্যতা** ধাপে ধাপে ধীরে ধীরে এগিয়ে চলেছে।আজ যে প্রগতির স্তরে এসে পৌঁছেছে ,তার অনেক আগে প্রাগৈতিহাসিক যুগ থেকে তার অভিযান শুরু।অনেকদিন আগে প্রস্তর,ব্রোঞ্জ ও লোহার যুগ পার হয়ে গেছে।গ্যালিলিও নিউটনের নামে উদ্ভাসিত বিজ্ঞানের চর্চা শুরু হয়েছে প্রায় চারশত বৎসর আগে।বিজ্ঞানের চর্চা করে আজ আমরা নানা শক্তির উৎস আবিষ্কার করেছি।প্রকৃতির ভাণ্ডার থেকে কয়লা ও তেল উদ্ধার করে তাকে কাজে লাগাচ্ছি।বাষ্পযন্ত্র-বিদ্যুৎশক্তির কেন্দ্রগুলি গড়ে তুলেছি পৃথিবীর নানা স্থানে।আবার জলপ্রপাত ইত্যাদিতে যে অমিত শক্তির আধার ,তার থেকে শক্তি বার করে নিজের কাজে লাগিয়ে দিচ্ছি।এ কাজে সাধনালব্ধ বিজ্ঞানই আমাদের সহায়।প্রাণধর্মের গুণে সূর্যের তেজ থেকে যুগ যুগ ধরে সংগৃহীত বিপুল শক্তি নানাভাবে পৃথিবীতে নানারূপে সঞ্চিত ছিল।প্রাকৃতিক নিয়মগুলি বুঝতে শিখে ,প্রকৃতির ভাঁড়ারের চাবি মানুষের হাতে পৌঁছে গিয়েছে।তারই বেপরোয়া খরচ চলেছে আজকাল।নানা হাতিয়ার সৃষ্টি হচ্ছে,ভাঙাগড়ার কাজ চলছে উত্তরোত্তর বর্ধমান তালে।এতে কত সাম্রাজ্যের বিস্তার বা বিলোপ ঘটল।যেভাবে আমরা কয়লা ও তেল পুড়িয়ে যাচ্ছি তাতে লক্ষ,লক্ষ বছরের সংগ্রহ -এ বিপুল শক্তিসম্ভার মাত্র কয়েকশত বৎসরের মধ্যে শেষ হয়ে যাবে আশঙ্কা হয়েছিল।তবে বিংশ শতাব্দী থেকে নতুন আশার বাণী শোনা যাচ্ছে।মানুষ আবিষ্কার করেছে অণুর মধ্যে শক্তির নতুন উৎস।এতদিন রাসায়নিক প্রক্রিয়ায় বস্তুর রূপান্তর ঘটিয়ে মানুষ শক্তির চাহিদা মিটিয়ে এসেছে।যে অফুরন্ত শক্তির উৎস পদার্থের পরমাণুতে রয়েছে তা আবিষ্কার হয়েছে বিংশ শতাব্দীতে।

i)কবে থেকে প্রগতির পথে মানুষের অভিযান শুরু?

a)প্রস্তর যুগ থেকে

b)ঐতিহাসিক যুগ থেকে

c)প্রাগৈতিহাসিক যুগ থেকে

d)আধুনিক যুগ থেকে

ii)মন্তব্য: প্রকৃতির ভাঁড়ারের চাবি মানুষের হাতে পৌঁছে গিয়েছে।

কারণ:বহু বছরের বিজ্ঞানসাধনাই এই সফলতার কারণ।

a)মন্তব্য ও কারণ দুটোই সঠিক

b)মন্তব্য ও কারণ দুটোই ভুল

c)মন্তব্য সঠিক,কারণ ভুল

d)মন্তব্য ভুল,কারণ সঠিক

iii) মানবসভ্যতার ক্ষেত্রে সবচেয়ে বড় আশঙ্কাটি কি?

a) মানুষের অসহিষ্ণুতা

b) পরমাণুর মধ্যে শক্তির আবিষ্কার

c) হাতিয়ার সৃষ্টি করা

d) প্রাকৃতিক শক্তির বেহিসেবী খরচ

iv) 'প্রাগৈতিহাসিক'শব্দের সন্ধিবিচ্ছেদ

a) প্রাগ্+ঐতিহাসিক

b) প্রাক্+ইতিহাসিক

c) প্রাক্+ঐতিহাসিক

d) প্রাগৈ+ইতিহাসিক

Section B:Grammar(MCQ)

2.ব্যাকরণ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি বেছে লেখ(যে কোন ৩টি):3x1=3

i) বাইরে ক্রমাগত বৃষ্টি পড়ছে।-সাধুভাষায় হবে

a) বাহিরে ক্রমাগত বৃষ্টি পড়িতেছিল।

b) বাহিরে ক্রমাগত বৃষ্টি পড়িতেছে।

c) বাহিরে ক্রমাগত বৃষ্টি পড়িতে থাকিবে।

d) বাহিরে ক্রমাগত বৃষ্টি পড়িয়াছিল।

ii) দীর্ঘনিশ্বাস ফেলে মাস্টারমশাই নীরবে চলে গেলেন।-সাধুভাষায় হবে

a) দীর্ঘনিশ্বাস ফেলিয়া মাস্টারমশাই নীরবে চলিয়া আসিলেন।।

b) দীর্ঘনিশ্বাস ফেলে মাস্টারমশাই নীরবে চলিয়া গেলেন।

c) দীর্ঘনিশ্বাস ফেলিয়া মাস্টারমশাই নীরবে চলিয়া গেলেন।

d) দীর্ঘনিশ্বাস ফেলিয়া মাস্টারমশাই নীরবে চলিলেন ।

iii) নবকুমারের প্রত্যাগমনে বিলম্ব হইতে লাগিল।-চলিত ভাষায় হবে

A) নবকুমারের প্রত্যাগমনে বিলম্ব হতে লাগল।

B) নবকুমারের প্রত্যাগমনে দেরি হতে লাগল।

C) নবকুমারের ফিরিতে দেরি হতে লাগল।

D) নবকুমারের ফিরতে দেরি হতে লাগল।

iv)ইলিশের মরসুম ফুরাইলে বিপুলা পদ্মা কৃপণ হইয়া যায়।-চলিতে করলে হবে

a) ইলিশের মরসুম ফুরালে বিপুলা পদ্মা কৃপণ হয়ে যায়।

b)ইলিশের মরসুম ফুরাইলে বিপুলা পদ্মা কৃপণ হয়ে যাইবে।

c)ইলিশের মরসুম ফুরিয়ে গেলে বিপুলা পদ্মা কৃপণ হয়ে যাবে।

d)ইলিশের মরসুম ফুরায়িলে বিপুলা পদ্মা কৃপণ হয়ে যায়।

Section C:(Main course book and supplementary reader)(MCQ)

3.পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নুলির সঠিক বিকল্প উত্তরটি বেছে লেখ(যে কোন ৬টি):6x1=6

i)সন্ন্যাসী হাসলেন আর চলে গেলেন'-সন্ন্যাসীর চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে?

a)কপটতা

b)উদারতা

c)ধার্মিকতা

d)প্রতিহিংসাপরায়ণতা

ii)মন্তব্য-ছেলেদের অনুরোধে অমৃত ইসাবের সঙ্গে লড়াই করতে চায়নি।

কারণ ক)অমৃত তার নতুন জামার ক্ষতি করতে চায়নি

কারণ খ)অমৃত ইসাবকে আঘাত করতে চায়নি,কারণ দুজনে বন্ধু ছিল।

a)কারণ ক ও খ দুই সত্য

b)কারণ ক সত্য,খ ভুল

c)কারণ ক ভুল,খ ঠিক

d)কারণ ক ও খ দুই মিথ্যা

iii)নীচের উপন্যাসগুলির মধ্যে কোনটি আশাপূর্ণা দেবীর লেখা নয়?

a)সুবর্ণলতা B

b)প্রথম প্রতিশ্রুতি

c)সাগর শুকায়ে যায়

d)পুতুলনাচের ইতিকথা

iv) 'গিয়ে অন্তত বকশিশটা তো দাবী করতে হবে'-এই বক্তব্য প্রমাণ করে

a)বক্তা হরিদা তাঁর পারিশ্রমিক সম্পর্কে সচেতন।

b)বক্তা হরিদা স্পষ্টবাদী।

c)পারিশ্রমিকের বেশি জীবনে তাঁর আর কোন আকাঙ্ক্ষা নেই।

d)দরিদ্র হরিদার জীবনে অর্থের বিশেষ প্রয়োজন

v) ‘ইসাবের মেজাজ চড়ে গেল’-কারণ

a)ছেলেরা ওদের লড়তে বলেছিল।

b)কালিয়া অমৃতকে মাটিতে ফেলে দেওয়ায় ছেলেরা আনন্দ প্রকাশ করে।

c)কালিয়া ইসাবকে মেরেছিল।

d)অমৃতের জামাটা ছিঁড়ে গিয়েছিল।

vi) আলোবাবুর গানের প্রথম লাইন ছিল

a) ‘আমায় ওরা সইলো না কেউ”

b) ‘আমার কাছে রইলো না কেউ’

c) ‘আমায় ওরা জানলো না কেউ’

d) ‘আমার কথা ভাবলো না কেউ’

vii) ‘তপন বিহ্বল দৃষ্টিতে তাকায়’ -কারণ কি?

a)তপনের গল্পের উচ্ছ্বসিত প্রশংসা করেন নতুন মেসো

b)তপন আবিষ্কার করে তার গল্প আগাগোড়াই বদলে গেছে

c)বাড়ির লোকেরা মেসোর প্রশংসায় মুখর হয়ে ওঠে।

d)সকলে তপনকে নিয়ে ঠাট্টা করে

4.গল্পগুচ্ছ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি বেছে লেখ(যে কোন ৪টি):4x1=4

i) ‘রাধামুকুন্দ দীর্ঘনিশ্বাস ফেলিয়া চলিয়া গেলেন,তাঁহার হৃদয়ভার সমান রহিল’-রাধামুকুন্দের হৃদয়ভারের কারণ কি ছিল?

a) শশিভূষণের সম্পত্তি নিলাম হবার কারণ তিনি নিজে

b)শশিভূষণের স্ত্রীর অবিরত কটূক্তি ও তার নিজের স্ত্রীর ক্রমবর্ধমান অসন্তোষ ও অভিযোগ

c)শশিভূষণ তাঁর গৃহত্যাগের সিদ্ধান্তে ক্ষুব্ধ হন

d)রাসমণির সঙ্গে নিত্যদিনের বিবাদ

ii)মন্তব্য- ‘কিন্তু পূর্ব্ববৎ আর তাহাকে ডাক পড়ে না’

কারণ ক)পোস্টমাস্টার সুস্হ হয়ে গিয়েছিলেন,তাই রতনকে প্রয়োজন ছিল না।

কারণ খ)পোস্টমাস্টার সুস্থ হয়েছিলেন ও বদলীর আবেদনের উত্তরের চিন্তায় মগ্ন থাকতেন।

a)কারণ ক ও খ দুই সত্য

b)কারণ ক সত্য,খ ভুল

c)কারণ ক ভুল,খ ঠিক

d)কারণ ক ও খ দুই মিথ্যা

iii) ‘অনেক গুরুতর ঘটনার চেয়ে সেই ঘটনাটাই তাহার মনে বেশ উদয় হইত’

a)রতনের বাবা মায়ের চেয়ে তাকে বেশি ভালোবাসত।

b)বাবা অনেক পরিশ্রম করে সন্ধ্যাবেলায় ফিরে আসতো।

c)ডোবার ধারে ছোট ভাইয়ের সাথে ভাঙা ডালকে ছিপ করে মিছিমিছি মাছ ধরা খেলেছিল।

d)ছোট ভাই আর তার মধ্যে বন্ধুত্ব ছিল।

iv) ‘সেই পাখি ঐ কথাই বারবার বলিতেছে’-কোন কথা বলছে বলে পোস্টমাস্টারের মনে হয়?

a)প্রাকৃতিক সৌন্দর্যের কথা

b)ক্লান্ত ধরণীর কথা

c)জনহীন ,গ্রাম্য পরিবেশে একজন আপনজন থাকার কথা

d)বর্ষা আগমনের কথা

v)মিনির বাবার লিখিত উপন্যাসের দুটি চরিত্র কারা?

a)রাজসিংহ ও কাঞ্চনমালা

b)প্রতাপসিংহ ও কাঞ্চনকুমারী

c) প্রতাপসিংহ ও কাঞ্চনমালা

d)ভানুপ্রতাপ ও কাঞ্চনমালা

Part B(Descriptive Type Questions)

Section B:Grammar(Subjective)

5.A.সন্ধি বিচ্ছেদ কর(যে কোন ৩টি)3x1=3

যাবজ্জীবন,মনীষা,প্রিয়ংবদা,অন্তরাত্মা

B.সন্ধিবদ্ধ কর:(যে কোন ২টি)2x1=2

মনঃ+চক্ষু,বাচঃ+পতি,সাত+জন

6. ব্যাসবাক্যসহ রেখাঙ্কিত পদের সমাস নির্ণয় কর:(যে কোন ৫টি)5x1=5

a)শ্যামলকান্তি কলেজে <u>প্রাণিবিদ্যা</u> পড়ান।

b) <u>শশীবাবু</u> আমার বিশেষ পরিচিত।

c) লেখাপড়া যখন শিখেছো <u>ভাতকাপড়ের</u> অভাব হবেনা।

d)১১৭৬ সনে বাংলাদেশে ভয়াবহ <u>দুর্ভিক্ষ</u> হয়।

e)মধুসূদন দত্ত একসময় <u>খ্রীষ্টধর্ম</u> গ্রহণ করেন।

f)<u>উপাচার্য</u> মন দিয়ে আমাদের কথা শুনলেন।

7.নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন কর:(যে কোন ৫টি)5x1=5

a) এদের যিনি কর্তা তিনি আমার আত্মীয়-(সরলবাক্য)

b) প্রাণ থাকতে বিশ্বাসঘাতকতা করব না।(জটিল বাক্য)

c) শুষ্ক তৃণ জলস্রোতে ভাসিয়া যায়।(জটিল বাক্য)

d)অনেক পরীক্ষার পর কয়েকবাক্স দেশলাই তৈরি হল।(যৌগিক বাক্য)

e)যত্নশীলই রত্নলাভের অধিকারী।(যৌগিক বাক্য)

f)স্বামীজী পরম দেশপ্রেমিক,একথা সকলেই মুক্তকণ্ঠে স্বীকার করবে।(সরল বাক্য)

Section C:Main course book and supplementary reader

৪.-'কিন্তু মাস্টারমশাই একটুও রাগ করেননি'-কোন বিষয়ে তিনি রাগ করেননি ও কেন?2

9.a) 'দৈন্যের দায়ে সব বেচে দিতে হয়েছে'-লেখক ও গল্পের নাম উল্লেখ করে প্রাসঙ্গিক ঘটনাটি লেখ।3

or

b) 'শোনা মাত্র অমৃত ফতোয়া জারি করে দিল-

-কি বিষয়ে সে ফতোয়া জারি করেছিল এবং এই বিষয়ে সে আর কি কি করেছিল?3

10.a) 'হরিদার জীবনের ভাতের হাঁড়ি মাঝে মাঝে শুধু জল ফুটিয়েই সারা হবে'

i)বক্তার এই আক্ষেপের কারণ কি?

ii) এই আক্ষেপ কতটা যুক্তিসঙ্গত ছিল তা বিশ্লেষণ কর।2+3=5

or

b) 'উনি ঘোষণা করলেন'-

i)কে কি ঘোষণা করেন?

ii)তাঁর এই ঘোষণার পেছনে কারণটি কি ছিল?2+3=5

11.সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ:(যে কোন একটি)1x5=5

a) 'এগিয়ে আসি,উঠে দাঁড়াই/হাত নাড়িয়ে বুলেট তাড়াই'

b) 'বনভূমির ওপারে কোন মনোভূমির দ'য়/ফুসুর ফাসুর ঘুসুর ঘাসুর স্বপ্নে কথা কয়'

12. a)'সকালে প্রভাত ফেরির সঙ্গে

ভোরের আজান একাকারে মিলিয়ে যাচ্ছে'

i)'প্রভাত ফেরি' এবং 'আজান' কি?

ii)পঙক্তিটির মাধ্যমে বক্তা কী বোঝাতে চেয়েছেন তা লেখ।2+3=5

Or b) 'মাথায় কত শকুন বা চিল/আমার শুধু একটা কোকিল'

i)কবি ও কবিতার নাম উল্লেখ কর।

ii)শকুন,চিল বা কোকিল কোন বিশেষ তাৎপর্যকে বহন করে?2+3=5

13. ‘মঙ্গল আলোকে আমার শুভ উৎসব উজ্জ্বল হইয়া উঠিল’।

i)প্রসঙ্গ উল্লেখ কর।

ii)লাইনটির তাৎপর্য বিশ্লেষণ কর2+3=5

14. ‘কেবল এক প্রভেদ ছিল-তুমি ধনী,আমি দরিদ্র’

i)বক্তা কে ও তিনি কখন একথা বলেন?

ii)এই প্রভেদ তার মানসিকতাকে কতদূর প্রভাবিত করেছিল?2+3=5

or

b) ‘রতনের মনে কোন তত্ত্বের উদয় হইল না’

i)কোন তত্ত্বের কথা বলা হয়েছে?

ii)লাইনটি প্রসঙ্গে রতনের মানসিকতাটি বিশ্লেষণ কর।2+3=5

Section D:Creative Writing

15.নিম্নলিখিত যে কোন একটি বিষয় অবলম্বনে অনধিক ১৫০টি শব্দে অনুচ্ছেদ লেখ: 5

a) তোমার প্রিয় সাহিত্যিক

b)ক্রিকেট বিশ্বকাপ ও তোমার অভিজ্ঞতা

c)চাঁদের মাটিতে ভারতের অবতরণ

16.তুমি যে এলাকায় বাস করো,সেখানকার রাস্তার অবস্থা বেহাল।গর্ত ও খানা খন্দে ভর্তি।রাতে রাস্তায় থাকে না যথেষ্ট আলো। বিষয়টির ওপর একটি সম্পাদকীয় পত্র লেখ।5

Or

প্লাস্টিক বর্জন পরিবেশ রক্ষায় অবশ্য কর্তব্য।অথচ বিষয়টি নিয়ে সাধারণ মানুষ উদাসীন-- এই বিষয়ের উপর একটি সম্পাদকীয় পত্র লেখ।5

অনুরাধা চৌধুরী

অধ্যাপক, শ্রী শিক্ষায়তন স্কুল